কুয়েট ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ২০১৯-২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। বুধবার এই ফল প্রকাশ করা হয়।

কুয়েটের ব্যাচেলর অব সায়েন্স (বিএস-সি) ইন ইঞ্জিনিয়ারিং,ব্যাচেলর অব আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং (বিইউআরপি) ও ব্যাচেলর অব আর্কিটেকচার (বিআর্ক) কোর্সের এই ভর্তি পরীক্ষার ফলাফল আগামী ০৬ নভেম্বর প্রকাশের কথা থাকলেও শিক্ষার্থীদের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তির বিষয়টি বিবেচনা করে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন নির্ধারিত সময়ের এক সপ্তাহ আগেই এই ফলাফল প্রকাশ করে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড.কাজী সাজ্জাদ হোসেন নির্ধারিত সময়ের আগেই এ ফলাফল প্রকাশের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

উল্লেখ্য, গত ১৮ অক্টোবর শুক্রবার কুয়েটে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।তিনটি অনুষদের ১৬টি বিভাগে মোট ১০৬৫ আসনের বিপরীতে ১২ হাজার ৩৪৮ জন আবেদনকারী ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ পায়। ১০ হাজার ৬৬ জন ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে।এর মধ্য থেকে প্রথম ৬০৯৯ জনের মেধা তালিকা প্রকাশ করা হয়েছে।

আগামী ১৬ নভেম্বর শনিবার থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সের ভর্তি কার্যক্রম শুরু হবে। ভর্তিকৃতদের ওরিয়েন্টেশন ও ক্লাশ শুরু হওয়ার সম্ভাব্য তারিখ যথাক্রমে ২০২০ সালের আগামী ২৩ জানুয়ারি বৃহস্পতিবার সকাল ১০টা এবং ২৬ জানুয়ারি রবিবার সকাল ৮টা।

বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে (www.kuet.ac.bd) ফলাফল ও ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য পাওয়া যাচ্ছে।